গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-৪ (সমন্বয়)

সভাপতিঃ যুগ্ম-সচিব (মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়

তারিখঃ ০৮/০৮/২০১১

সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা

স্থানঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' এ প্রদর্শিত

সভাপতি, সভায় উপস্থিত কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত সদস্যদের আবহিত করে বলেন, গত ১৩/০২/২০১১ তারিখ সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের সভাপতিত্বে বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রতিনিধি এবং সংস্থা প্রধানদের নিয়ে বাংলাদেশ গার্লস গাইডসের বিভিন্ন সমস্যা ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ২২/০১/২০০৯ তারিখ জারীকৃত পরিপত্রের কারণ সৃষ্ট জটিলতা নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভায় মাউশির জারীকৃত পরিপত্রটি পরীক্ষা-নিরীক্ষাক্রমে প্রয়োজনীয় সুপারিশ প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়েছিল। গত ২০/০৪/২০১১ তারিখে কমিটি'র ১ম সভা অনুষ্ঠিত হয়েছে। কিন্তু ব্যস্ততার কারণে সভাপতি উপস্থিত থাকতে না পারায় পুনরায় অদ্যকার সভা আহবান করা হয়েছে বলে তিনি জানান। সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত ২২/০১/২০০৯ তারিখের পরিপত্রটি পর্যালোচনা এবং গার্লস গাইডস ও স্কাউটস এর ফি নিয়ে সৃষ্ট জটিলতা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভার আলোচনা সংক্ষেপ ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে তুলে ধরা হলো:

ক্রম	আলোচনা সংক্ষেপ	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বাংলাদেশ গার্লস গাইডসের আঞ্চলিক কমিশনার বেগম সাহেদা হোসেন চৌধুরী সভাকে জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত গত ২২/০১/২০০৯ তারিখের পরিপত্রে গার্লস গাইডসকে বাদ দিয়ে শুধুমাত্র স্কাউটিংকে প্রাধান্য দেয়া হয়েছে। ফলে বাংলাদেশ গার্লস গাইডস ক্ষতিগ্রস্থ হয়েছে। তাই তিনি, ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত পুরো টাকা গার্লস গাইডস ফান্ডে জমা দেয়ার অনুরোধ জানান। এ প্রেক্ষিতে বাংলাদেশ স্কাউটসের জাতীয় কমিশনার জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম খান অভিমত ব্যক্ত করেন যে, যে সকল বালিকা বিদ্যালয়ে গার্লস গাইডস আছে, সেক্ষেত্রে ছাত্রীদের নিকট থেকে গাইড ফি বাবদ সংগৃহীত অর্থ গাইড ফান্ডে যাওয়ার ব্যাপারে তাদের কোন আপত্তি নেই, তবে যে সকল সহশিক্ষা প্রতিষ্ঠানে	১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ২২/০১/২০০৯ তারিখ জারীকৃত পরিপত্রটির অনুচ্ছেদ ৩.২সহ প্রযোজ্য যে সকল জায়গায় স্কাউট লিখা আছে তার সাথে গাইড সংযোজনপূর্বক পরিপত্রটি সংশোধন করার উদ্যোগ গ্রহণ করবে। একইভাবে বোর্ড কর্তৃক ছাত্র-ছাত্রীদের নিবন্ধনের সময় স্কাউটিং ও গার্লস গাইডস এর জন্য যে চাঁদা আদায় করা হয়, তাতে কোন জটিলতা থাকলে সে জন্য বিদ্যমান পরিপত্রটি সংশোধনের জন্য শিক্ষা বোর্ডসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ নিবে। ২. সহশিক্ষা প্রতিষ্ঠানে গার্লস গাইডস থাকলে বা চালু করা হলে সেক্ষেত্রে ছাত্রীদের নিকট হতে আদায়কৃত ফি	**মহাপরিচালক**, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ শিক্ষা বোর্ডসমূহ **মহাপরিচালক**, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

D:\Girls Guide- Meeting.doc(3)

	'গার্লস ইন স্কাউটিং' কর্মসূচী আছে সেক্ষেত্রে ছাত্রীদের পুরো টাকা গার্লস গাইডস ফান্ডে যাওয়া সমীচীন হবেনা। উক্ত প্রতিনিধি আরো জানান কোন সহশিক্ষা প্রতিষ্ঠানে 'গার্লস গাইডস' এবং 'গার্লস ইন স্কাউটিং' দুটোই চালু থাকলে ছাত্রীদের কাছ থেকে আদায়কৃত ফি আনুপাতিক হারে ভাগ করে দেয়া যায়। উপস্থিত প্রতিনিধিবৃন্দ জানান, গত ২২/০১/২০০৯ তারিখ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত পরিপত্রটি আরো সংশোধিত হওয়া প্রয়োজন। উক্ত পরিপত্রের অনুচ্ছেদ ৩.২ এ যে সকল জায়গায় স্কাউট লিখা আছে তার সাথে গাইড সংযোজনপূর্বক পরিপত্রটি সংশোধন করা যেতে পারে। উপস্থিত সদস্যবৃন্দ এ ব্যাপারে একমত পোষন করেন। তাছাড়া, উপস্থিত সদস্যবৃন্দ স্কাউট/গাইডস ফি ১৫/-(পনের) টাকার স্থলে ২০/-(বিশ) টাকা করার বিষয়ে সভায় আলোচনা করেন।	অবশ্যই গার্লস গাইড ফান্ডে জমা হবে। তবে সহশিক্ষা প্রতিষ্ঠানে গার্লস ইন স্কাউটিং ও গার্লস গাইডস চালু থাকলে বা চালু করা হলে সেক্ষেত্রে ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত টাকা গার্লস গাইডস ও স্কাউটস সমানুপাতিক হারে ভাগ করে নিবে। কোন সহশিক্ষা প্রতিষ্ঠানে গার্লস ইন স্কাউটিং জোর করে চাপিয়ে দেয়া যাবে না। ৩. বালিকা বিদ্যালয়ের ক্ষেত্রে ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত পুরো টাকা শুধুমাত্র গার্লস গাইডস ফান্ডে জমা হবে। ৪. সকল সহশিক্ষা প্রতিষ্ঠানে গার্লস গাইড চালুর জন্য বাংলাদেশ গার্লস গাইডস কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। ৫. স্কাউট/গাইডস ফি ১৫/-(পনের) টাকা অপরিবর্তিত রাখার সুপারিশ করা হয়।	 **বাংলাদেশ গার্লস গাইডস/ বাংলাদেশ স্কাউটস** **বাংলাদেশ গার্লস গাইডস** **বাংলাদেশ গার্লস গাইডস/ বাংলাদেশ স্কাউটস**

যুগ্ম-সচিব (মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

নং-শিম/শাঃ৪/১৩(৩)/৯৭/

তারিখঃ ১০/০৮/২০১১

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড..............................(সকল)।
৩। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস. ৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম, ঢাকা।
৪। জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাঁকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্কাউট ফি আদায় সংক্রান্ত আলোচনা সভা।

সভাপতি : যুগ্ম-সচিব (মাধ্যমিক)
তারিখ : ০৮/০৮/২০১১
সভার স্থান : শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং ১৮১৫, ভবন নং-৬)
সময় : ১২.০০ ঘটিকা

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম, পদবী	টেলিফোন, মোবাইল ও ই-মেইল নম্বর	স্বাক্ষর
	সাহেদুর মোহসেন চৌধুরী অ্যাসিস্ট্যান্ট কমিশনার, [illegible]	02-৮১৯১২৭২ ০১৭১১-২০৮০১৯ shahedakchy@hotmail.com	[illegible]
	[illegible] জাতীয় কারিকুলাম, কর্মকর্তা	৮৬১৯৫৫০৯ ৫৬১৫৫৯২	[illegible] ৮/৮/২০১১
	নুর জাহান আরা বেগম প্রকল্প কমিশনার বা: গা: গা: এ।	৯৬৬৬৮৬১	নু. বেগম ৮.৮.২০১১.
	সাবিনা বেগম জেনারেল সেক্রেটারী- বাংলাদেশ গার্লস গাইডস এসো.	৮৬১৫৫০১ ৮৬১৫৫৯২	সাবিনা বেগম ০৮/০৮/২০১১
	মো: শাহেদুল কবির চৌধুরী সিনিয়র পরিচালক, [illegible], ঢাকা	৮৬২৫৭৬০ shahedulkchy@gmail.com	[illegible] 08.08.11
	প্রফেসর মো: আফিজুর রহমান পরিচালক (মাধ্যমিক) মাউশি.	01819-189231	[illegible]
	মো: [illegible] আলী পরিচালক CPRGM বাংলাদেশ স্কাউটস	01552639023	[illegible]
	মো: মাহফুজুর রহমান N. C. (Project)	01711221605	রহমান ০৮.০৮.১১.
	মোহাম্মদ রফিকুল ইসলাম খান প্রধান নির্বাহী (প্রকল্প) বাংলাদেশ স্কাউটস	01715108648	[illegible]
	মোল্লা মাহফুজ আল-হোসেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জাতীয় বিশ্ববিদ্যালয়	01711889969 9291016	Hossain 08.08.11